**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 09-02-2026** **Time : 1-30**

**বিশেষ বিশেষ খবর** –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ 'পরীক্ষা পে চর্চা'র নবম সংস্করণের দ্বিতীয় পর্বে, দেশের বিভিন্ন প্রান্তের শিক্ষার্থীদের সঙ্গে মত বিনিময় করেন।
# আলাপচারিতায় পড়ুয়াদের ছোট ছোট স্টার্ট আপ-এর মাধ্যমে উদ্যোগপতির কাজে এগিয়ে যাওয়ার বিষয়ে উৎসাহিত করেন তিনি।

# ভোকাল ফর লোকাল উদ্যোগের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দেশে তৈরী পণ্য, অভ্যন্তরীণ অর্থনীতিকে মজবুত করেছে।

২/ বিরোধীদের হই-হট্টোগোলের জেরে লোকসভার অধিবেশন দুপুর ২'টো পর্যন্ত মুলতুবি।

৩/ সংসদের উভয় কক্ষে আজ অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ জয়ের জন্য, ভারতীয় দলকে অভিনন্দন জানানো হয়।

৪/ প্রধান মন্ত্রী আজ নতুন দিল্লীতে সেশেলসের রাষ্ট্রপতি প্যাট্রিক হার্মিনির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন।

৫/ বাংলাদেশে জাতীয় নির্বাচনের মাত্র কয়েকদিন আগে অধ্যাপক মহম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকার, বিপুল টাকার চুক্তি সম্পাদন ও প্রকল্প অনুমোদন নিয়ে প্রবল সমালোচনার মুখে পড়েছে।

৬/ ইডেনে আজ T-20 ক্রিকেট বিশ্বকাপের গ্রুপ সি ম্যাচে, স্কটল্যান্ড ইতালির সামনে জয়ের জন্য ২০৮ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ 'পরীক্ষা পে চর্চা'র নবম সংস্করণ ২০২৬-এর দ্বিতীয় পর্বে দেশের বিভিন্ন প্রান্তের শিক্ষার্থীদের সঙ্গে মত বিনিময় করেন।

আলাপচারিতায় শ্রী মোদী, পড়ুয়াদের ছোট ছোট স্টার্ট আপ-এর মাধ্যমে উদ্যোগপতির কাজে এগিয়ে যাওয়ার বিষয়ে উৎসাহিত করেন। তিনি বলেন, বৃহৎ ভাবনা অনেক সময় ছোট ছোট পদক্ষেপ থেকেই শুরু হয়। প্রকৃত বিশ্ব ব্যবস্থা কিরকমভাবে কাজ করছে, তা' জানতে পাঠ্য পুস্তকের বাইরে গিয়ে ব্যবহারিক জ্ঞানার্জনের জন্য শিল্প ক্ষেত্রে পেশাদারদের কাছে যেতে পরামর্শ দেন প্রধানমন্ত্রী।

( বাইট- PM স্টার্ট আপ )

অধ্যয়ন ও আবেগের মধ্যে ভারসাম্য রক্ষা করতে প্রধানমন্ত্রী তাঁদের শুধুমাত্র অ্যাকাডেমিক পড়াশুনার দিকে নিবদ্ধ না থেকে পৃথকভাবে সৃজনশীল বিষয়গুলি নিয়ে চর্চা করার কথা বলেন। নরেন্দ্র মোদী বলেন, দুটি ক্ষেত্রই সমানভাবে মূল্যাবন এবং তাদের মধ্যে কার্যকরভাবে ভারসাম্য রক্ষা করা সম্ভব। শিল্প ও সৃজনশীল ইচ্ছেগুলি, পড়ুয়াদের মানসিক চাপ কাটাতে সাহায্য করে। পাঠ্যবস্তুত পড়াশুনাজনিত ক্লান্তি থেকে মুক্তি দেয়।

প্রধানমন্ত্রী ছাত্র-ছাত্রীদের সামাজিক দায়িত্বের গুরুত্ব সম্পর্কে অবগত করে বলেন, শৃঙ্খলাপরায়নতা এবং মোটিভেশন বা অনুপ্রেরণা- দুটি বিষয়ই সমানভাবে প্রয়োজনীয়। শৃঙ্খলা ছাড়া কেবলমাত্র প্রেরণা, কখনোই কার্যকরী হবেনা বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন।

***************************************************************************

'ভোকাল ফর লোকাল'-র উদ্যোগের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দেশে তৈরী পণ্য, অভ্যন্তরীণ অর্থনীতিকে মজবুত করছে। এই প্রসঙ্গে তিনি 'WED IN INDIA' অভিযানের প্রসঙ্গ এনে, বিদেশে না গিয়ে দেশেই বিবাহ অনুষ্ঠান সম্পন্ন করতে উৎসাহিত করেন।

শ্রী মোদী বলেন, নাগরিকদের প্রতিটি ক্ষুদ্র পদক্ষেপ, ২০৪৭-এ বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে সহায়তা করবে।

শিক্ষার বৃহত্তর ভূমিকার কথা উল্লেখ করে নরেন্দ্র মোদি বলেন, শুধুমাত্র ব্যক্তির বিকাশের জন্যই নয়, সামাজিক জীবনের জন্যও শিক্ষা সমানভাবে প্রয়োজনীয়। এবং তা' কখনোই অবহেলা করার নয়। প্রধানমন্ত্রী ছাত্রছাত্রীদের দৈনন্দিন জীবনে খেলাধুলাকে আবশ্যিক করার কথা বলেন। প্রত্যহ তাঁরা যেন অন্তত একবার, প্রাণায়াম অভ্যাস করেন।

***************************************************************************

বিরোধীদের হট্টগোলের জেরে লোকসভার অধিবেশন আজ প্রথমে বেলা ১২ টা ও পরে দুপুর ২'টো পর্যন্ত মুলতবী করে দিতে হয়।

সংসদের উভয় কক্ষে অধিবেশনের শুরুতে আজ হারারে-তে অনুর্ধ ১৯ বিশ্বকাপ জয়ী ভারতীয় ক্রিকেট দলকে অভিনন্দন জানানো হয়। বেলা ১১টায় লোকসভার অধিবেশন শুরু হলে অধ্যক্ষ ওম বিড়লা বলেন, ভারতীয় খেলোয়াড়রা টুর্নামেন্ট জুড়ে অসাধারণ দক্ষতা, সংকল্প, শৃঙ্খলা এবং দলগত ঐক্য প্রদর্শন করেছে। রাজ্যসভাতেও দিনের অধিবেশন শুরু হলে রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণন দেশের তরুণদের মধ্যে প্রতিভা, প্রতিশ্রুতি এবং ক্রীড়া নৈপুণ্যের গভীরতাকে তুলে ধরেন। তিনি দলগত মনোভাবের প্রশংসা করে বলেন, এই সাফল্য পুরো দলের।

অধ্যক্ষ ওম বিড়লা প্রশ্নোত্তর পর্ব শুরু করার চেষ্টা করেন, কিন্তু কংগ্রেস, তৃণমূল কংগ্রেস এবং ডিএমকে সহ বিরোধী দলের সদস্যরা ওয়েলে নেমে এসে স্লোগান দিতে শুরু করেন। অধ্যক্ষ তাদের অধিবেশন চলতে দেওয়ার অনুরোধ জানান। তিনি সদস্যদের সংসদের মর্যাদা ও শৃঙ্খলা বজায় রাখার আহ্বান জানান। এরপর ও বিরোধী সদস্যরা তাদের প্রতিবাদ চালিয়ে গেলে অধিবেশন মুলতবি করা হয়।

**********************************************************************

কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরণ রিজিজু লোকসভার কাজে ব্যাঘাত ঘটানোর জন্য কংগ্রেসের সমালোচনা করেছেন। নতুন দিল্লিতে সাংবাদিকদের তিনি বলেন, কংগ্রেস সদস্যদের অশালীন আচরণের কারণে রাষ্ট্রপতির অভিভাষণের ওপর ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনা সম্ভব হচ্ছে না।

( বাইট- রিজিজু )

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লাও বিরোধীদের আচরণ নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, সরকার ইতমধ্যেই সব এনডিএ সাংসদদের তালিকা জমা দিয়েছে যারা বাজেট আলোচনায় বক্তব্য রাখবেন। ক্রমাগত বাধা সৃষ্টির কারণে সদস্যরা যদি বক্তব্য রাখার সুযোগ না পান, তাহলে কংগ্রেস এর জন্য দায়ী থাকবে বলে তিনি জানান।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ নতুন দিল্লীতে সেশেলসের রাষ্ট্রপতি ডক্টর প্যাট্রিক হারমিনির সঙ্গে এক দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। উভয় নেতার মধ্যে দুই দেশের স্বার্থ সংশ্লিষ্ট দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা হয়। পরে যৌথ সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী বলেন, সেশেলসের রাষ্ট্রপতির এই সফর, দু’দেশের সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাবে।

( বাইট- মোদী )

প্রেসিডেন্ট হারমিনি আজ সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে রাষ্ট্রপতি ভবনে এক বৈঠকে মিলিত হবেন। হারমিনি গতকাল চেন্নাই এবং মুম্বই সফর শেষে নতুন দিল্লী পৌঁছন। কেন্দ্রীয় মন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল তাঁকে বিমানবন্দরে স্বাগত জানান।

বিদেশ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, সেশেলসের রাষ্ট্রপতি চেন্নাই এবং মুম্বই সফরকালে শিল্প উপকূল ব্যবস্থাপনা এবং স্বাস্থ্য ও সুশাসন ক্ষেত্রের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে সাক্ষাৎ করেন।

**********************************************************************

বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর আজ নতুন দিল্লীতে সেশেলস-এর রাষ্ট্রপতি ডক্টর প্যাট্রিক হারমিনির সঙ্গে দেখা করেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে জয়শঙ্কর বলেন, ভারত মহাসাগরীয় অঞ্চলে অর্থনৈতিক বৃদ্ধি

এবং নিরাপত্তায় প্রতিবেশী হিসেবে ভারত সেশেলস এর সহযোগিতাকে যথেষ্ট গুরুত্ব দেয় যা ভারতের মহাসাগর নীতিকে আরো এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে।

*********************************************************************

সেশেলস-এর রাষ্ট্রপতি প্যাট্রিক হার্মিনি আজ রাজঘাটে গিয়ে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সোয়াল মহাত্মা গান্ধীর আদর্শ ভারত ও সেশসেলস অংশীদারীত্ব কে পরিচালিত ও অনুপ্রানিত করবে।

*********************************************************************

ভারত এবং কানাডা জাতীয় নিরাপত্তা এবং আইন বলবৎ করা ও সাইবার সুরক্ষার প্রশ্নে এবং নিজেদের অগ্রাধিকার অনুযায়ী যৌথ উদ্যোগ কার্যকর করার ক্ষেত্রে কর্ম পরিকল্পনা প্রণয়নে সহমত হয়েছে। অটোয়াতে গত শনিবার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল এবং কানাডার নিরাপত্তা উপদেষ্টা নাথালি দ্রৌইনের মধ্যে বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। বিদেশ মন্ত্রক গতকাল এই বৈঠকের বিস্তারিত জানিয়ে বলেছে যে, উভয় পক্ষ তাদের দেশ এবং নাগরিকদের নিরাপত্তা এবং সুরক্ষা বজার রাখার জন্য গৃহীত উদ্যোগের যে অগ্রগতি হয়েছে, তাতে শীলমোহর দিয়েছে।

মন্ত্রক জানিয়েছে, দুটি দেশ নিরাপত্তা ও আইন বলবৎ-এর ক্ষেত্রে যোগাযোগ রক্ষাকারী আধিকারিক নিয়োগ করবে এবং তাদের নিজ নিজ সংস্থাগুলি কার্যকরী সম্পর্ক গড়ে তুলবে বলে একমত হয়েছে। এই গুরুত্বপূর্ণ পদক্ষেপ দ্বিপাক্ষিক যোগাযোগ এবং কানাডা ও ভারতের পারস্পারিক উদ্বেগের বিষয়গুলির সুব্যবস্থা করবে।

উভয়পক্ষ সাইবার নিরাপত্তা সংক্রান্ত নীতি এবং তথ্য আদান প্রদানের ক্ষেত্রে সহযোগিতায় একমত হয়েছে।

*********************************************************************

সুপ্রিম কোর্টে আজ পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়া নিয়ে নির্বাচন কমিশন ও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দায়ের করা মামলার ফের শুনানি। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চ-এ দুপুর ২'টোয় শুনানি শুরু হবে।

এর আগে গত ৪ তারিখ SIR নিয়ে মুখ্যমন্ত্রীর আপত্তির বিষয়ে নির্বাচন কমিশনের বক্তব্য জানতে চায় সর্বোচ্চ আদালত। এব্যাপারে কমিশনকে **নোটিশ'ও জারি করা হয়।** পাশাপাশি, কেন্দ্রীয় আধিকারিকদের মাইক্রো অবসার্ভার হিসেবে নিয়োগ করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রীর অভিযোগের প্রেক্ষিতে সর্বোচ্চ আদালত, যারা লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির সমস্যা মেটাতে কাজ করবেন, এমন গ্রুপ-বি আধিকারিকদের নামের তালিকা রাজ্যের কাছে চেয়ে পাঠায়।

*********************************************************************

বাংলাদেশে জাতীয় নির্বাচনের মাত্র কয়েকদিন আগে অধ্যাপক মহম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকার, বিপুল টাকার চুক্তি সম্পাদন ও প্রকল্প অনুমোদন নিয়ে প্রবল সমালোচনার মুখে পড়েছে। এর ফলে অর্থনীতিবিদের পরবর্তী নির্বাচিত সরকার গঠনে প্রতিবন্ধকতার সৃষ্টি হতে পারে। নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা হয়ে গেলে প্রশাসন তাদের রুটিনমাফিক কাজকর্মের মধ্যেই নিজেদের নিয়ন্ত্রিত রাখবে, এটাই আশা করা হয়ে থাকে। কিন্তু অন্তর্বর্তী সরকার, ১৪ টি বোয়িং এয়ার ক্রাফট ক্রয় করা, চীন ও মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ভেসেল ক্রয় সহ নবম অর্থ কমিশনের বিষয়েও সিদ্ধান্ত গ্রহণ করেছে। রাজনৈতিক বিশ্লেষক মহলের দাবী, এধরণের সিদ্ধান্ত শুধুমাত্র নির্বাচিত সরকার’ই নিতে পারে।

*********************************************************************

ইডেনে আজ টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে গ্রুপ সি-র ম্যাচে স্কটল্যান্ড ইতালির সামনে জয়ের জন্য ২০৮ রানের লক্ষ্যমাত্রা রেখেছে। এর আগে ইতালি টসে জিতে স্কটল্যান্ড-কে প্রথমে ব্যাট করতে পাঠায়। স্কটল্যান্ড নির্ধারিত ২০ ওভারে চার উইকেটে ২০৭ রান করে।

কলম্বোর সিংহলিস স্পোর্টস ক্লাব মাঠে গ্রুপ বি-র ম্যাচে জিম্বাবোয়ে, ওমানের মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল তিনটেয়।

অন্যদিকে, আমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে গ্রুপ ডি- র আর একটি ম্যাচে দক্ষিণ আফ্রিকা, কানাডার বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

*********************************************************************